"যুবদের জাগরণ, বাংলাদেশের উন্নয়ন"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২.- ৫৪৫ তারিখঃ ২০/১২/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ রিফ্রেশার প্রশিক্ষণে প্রদত্ত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ০৭/১২/২০১৭ তারিখ গোপালগঞ্জ জেলায় ১। সিস্টেম জেনারেটেড অনলাইন রিপোর্ট প্রস্তুতকরণ ২। ঋণের প্রাথমিক আবেদন অনলাইনে প্রক্রিয়াকরণ এবং ৩। আত্মকর্মব্যবস্থাপনা সফটওয়্যার ব্যবহার বিষয়ে সংশ্লিষ্ট জনবলের (উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ক্রেডিটসুপারভাইজার, ডাটা এন্ট্রি অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের) সমন্বয়ে দ্বিতীয়বারের মত দিনব্যাপী রিফ্রেশার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ পূর্ববর্তী ২দিনে রিসোর্স পার্সন ও কো-রিসোর্স পার্সন কর্তৃক বর্ণিত বিষয়ে যে সকল কাজ সাধিত হয়েছে তার বিবরণ এবং যে সমস্ত বিষয় বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার তথ্য নিম্নছকে উপস্থাপন করা হলোঃ

নং	উপজেলার নাম	প্রশিক্ষণ পূর্ব ২দিনে রিসোর্স কর্তৃক সাধিত কাজের বিবরণ	প্রশিক্ষণের তারিখ পর্যন্ত উপজেলা কর্তৃক সফটওয়্যারে সাধিত কাজের বিবরণ	বকেয়া কাজের বিবরণ যা দ্রুত করণীয়
০১	সদর	ক. এ সম্পর্কিত সফটওয়ারে হালনাগাদ আপডেট দেয়া হয়েছে খ. ম্যানুয়েল এবং অনলাইন রিপোর্টের অসংগতী দুর করা হয়েছে।	ক. ঋণ বিতরণ ও আদায়ের হালনাগাদ তথ্য এন্ট্রি করা হয়েছে। খ. অনলাইনে ঋণের কোন প্রাথমিক আবেদন জমা পড়েনি। গ. আত্মকর্মসংস্থান- সফটওয়্যারে ১৯০০ জনের তালিকা আপলোড দেয়া হয়েছে।	ক. যে সকল উপজেলার ঋণের ডাটা এন্ট্রি প্রদান বকেয়া রয়েছে তাদেরকে অবশ্যই ৩০/১২/১৭ তারিখের মধ্যে ডাটা এন্ট্রি হালনাগাদ করতে হবে। খ.সদর এবং কাশিয়ানী উপজেলার ঋণের ডাটা হালনাগাদ এন্ট্রি রয়েছে তবে তাদের ম্যানুয়েল রিপোর্টের সাথে সিসটেমের রিপোর্ট যাচাই করে সঠিকতা নিরূপন করতে হবে এবং দৈনিক ভিত্তিতে তথ্য হালনাগাদ রাখতে হবে। গ. পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত অনলাইন রিপোর্টের পাশাপাশি ম্যানুয়েল রিপোর্ট প্রস্তুতি অব্যাহত থাকবে এবং উভয় রিপোর্টের অসংগতি (যদি থাকে) তা নিরূপনের উদ্যোগ নিতে-হবে। ঘ. প্রত্যেক উপজেলায় বাধ্যতামুলকভাবে ফেব্রুয়ারী ২০১৮ মাসের মধ্যে অনলাইন প্রাথমিক আবেদন প্রক্রিয়া করণের উদ্যোগ নিতে হবে।
০২	কাশিয়ানী	ক. এ সম্পর্কিত সফটওয়ারে হালনাগাদ আপডেট দেয়া হয়েছে খ. ম্যানুয়েল এবং অনলাইন রিপোর্টের অসংগতী দুর করা হয়েছে।	ক. ঋণ বিতরণ ও আদায়ের হালনাগাদ তথ্য এন্ট্রি করা হয়েছে। খ. অনলাইনে ঋণের কোন প্রাথমিক আবেদন জমা পড়েনি। গ. আত্মকর্মসংস্থান- সফটওয়্যারে ৫১০০ জনের তথ্য এন্ট্রি দেয়া হয়েছে।	
০৩	মুকসুদপুর	ক. এ সম্পর্কিত সফটওয়ারে হালনাগাদ আপডেট দেয়া হয়েছে খ. ঋণের তথ্য হালনাগাদ এন্ট্রি না থাকায় ম্যানুয়েল এবং অনলাইন রিপোর্টের অসংগতি দূর করা সম্ভব হয়নি।	ক. ঋণ বিতরণ ও আদায় বিষয়ে মার্চ/১৭ এর পর তথ্য এন্ট্রি দেয়া হয়নি। খ. অনলাইনে ঋণের ২৯টি আবেদন জমা পড়েছে তৎমধ্যে ০৯টিকে অনুমোদন দেয়া হয়েছে। গ. আত্মকর্মসংস্থান- সফটওয়্যারে ৫০০০ জনের তথ্য এন্ট্রি প্রদান করা হয়েছে।	
০৪	কোটালীপাড়া	ক. এ সম্পর্কিত সফটওয়ারে হালনাগাদ আপডেট দেয়া হয়েছে খ. ঋণের তথ্য হালনাগাদ এন্ট্রি না থাকায় ম্যানুয়েল এবং অনলাইন রিপোর্টের অসংগতি দূর করা সম্ভব হয়নি।	ক. ঋণ বিতরণ ও আদায় বিষয়ে জুন/১৭ পর্যন্ত এর লিষ্ট রয়েছে অর্থাৎ হালনাগাদ তথ্য এন্ট্রি নাই। খ. অনলাইনে ঋণের কোন প্রাথমিক আবেদন জমা পড়েনি। গ. আত্মকর্মের তথ্য আপডেট দেয়া হয়নি।	

নং	উপজেলার নাম	প্রশিক্ষণ পূর্ব ২দিনে রিসোর্স কর্তৃক সাধিত কাজের বিবরণ	প্রশিক্ষণের তারিখ পর্যন্ত উপজেলা কর্তৃক সফটওয়্যারে সাধিত কাজের বিবরণ	বকেয়া কাজের বিবরণ যা দ্রুত করণীয়
০৫	টুংগীপাড়া	ক. এ সম্পর্কিত সফটওয়ারে হালনাগাদ আপডেট দেয়া হয়েছে খ. প্রশিক্ষণের পর থেকে এ পর্যন্ত ডাটা এন্ট্রি মোটেও সন্তোষজনক পর্যায়ে না থাকায় উভয় হিসাবের তুলনা করে সঠিকতা নিরূপন সম্ভব হয়নি।	ক. ঋণ বিতরণ ও ডাটা এন্ট্রির কাজ অত্যন্ত অগোছালো, উদাসীনভাবে বিষয়টিকে দেখা হচ্ছে। খ. ঋণের ম্যানুয়েল রিপোর্টের যথার্থতা ঐ কার্যালয়ে এ বিষয়েও দারুনভাবে উদাসীন। গ. অনলাইনে ঋণের কোন প্রাথমিক আবেদন জমা পড়েনি। ঘ. আত্মকর্মের তথ্য আপডেট দেয়া হয়নি।	ঙ.ফেব্রুয়ারী ২০১৮ মাসের মধ্যে আত্মকর্মের যাবতীয় তথ্য সফটওয়্যারে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে।

টুংগীপাড়া উপজেলায় ঋণের ম্যানুয়েল রিপোর্ট এখনও যৌক্তিকভাবে তৈরি হয়নি, তাদেরকে প্রচুর সময় দেয়া হলেও তারা তাদের রেকর্ড (বিতরণ, আদায়, চলমান আদায়যোগ্য, চলতি আদায়যোগ্য, কিস্তি খেলাপী, গ্রেসপিরিয়ডভূক্ত ঋণ ও খেলাপীর পরিমান) প্রস্তুতির দায়িত্ব যথাযথ ও দায়িত্বশীলতার সাথে প্রতিপালন না করায় রিপোর্টের সঠিকতা নিরূপন করা সম্ভব হচ্ছে না। কার্যালয়ের সকল জনবলের ব্যর্থতা লাঘবকল্পে প্রধান কার্যালয়ের একটি দলও বর্ণিত লক্ষ্য সাধনে কাজ করছে। আশা করা যায় মোটামুটি একটি অবস্থানে পৌছানো সম্ভব হবে। ম্যানুয়েল রিপোর্ট তৈরী না হলে অনলাইন রিপোর্ট তৈরী সম্ভব নয়। তবে তাদের বকেয়া ডাটা এবং দৈনন্দিন ডাটা এন্ট্রি জানুয়ারী'১৮ মাসের মধ্যে বাধ্যতামূলকভাবে শেষ করতে হবে এবং ৪নং কলামের ক-ঙ নির্দেশনা যথাযথ অনুসারণ করতে হবে।

২৫/১২/১৭
(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক(দাঃবিঃওঋণ)
ফোন-৯৫১৫০১৯
Email-addydpe@gmail.com

প্রাপক
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
....(সকল) গোপালগঞ্জ জেলা।

স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২.- ৫৪৫ তারিখঃ ২০/১২/২০১৭খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণঃ

১। পরিচালক ....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ জেলা কে তাকে দেয় পাসওয়ার্ড ব্যবহার করে নির্দেশনা মাফিক ঋণ রিপোর্টের অগ্রগতি, ঋণের প্রাথমিক আবেদন জমা ও নিষ্পত্তি সংখ্যা মনিটর এবং আত্মকর্মের তথ্য হালনাগাদের বিষয়ে তদারকি নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। অফিস নথি।

২৫/১২/১৭
(মোঃ শাহীনূর রহমান)
সহকারী পরিচালক(দাঃবিঃওঋণ)